তারিখ ... 27 MAR 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

সমকাল

# রাবিতে ছাত্রলীগের আতশবাজিতে সাংস্কৃতিক অনুষ্ঠান পণ্ড

■ রাজশাহী ব্যুরো ও রাবি সংবাদদাতা

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয় শহীদ মিনারে ছাত্রলীগের ফানুস ওড়ানো কর্মসুচি ছিল। ছাত্রলীগের আতশবাজির কারণে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় সাংস্কৃতিক জোটের অনুষ্ঠান পণ্ড হয়ে গেছে বলে অভিযোগ পাওয়া গেছে। গতকাল শনিবার সন্ধ্যা ৭টায় শহীদ মিনার চত্বরে এ ঘটনা ঘটে।

স্বাধীনতা দিবস উপলক্ষে তিন দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। গতকাল সকালে র‍্যালি ও শহীদ মিনারে পুষ্পস্তবক অপর্ণ এবং বিকেল ৫টা থেকে শহীদ মিনারের মুক্তমঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। সাংস্কৃতিক জোটের নেতাকর্মীরা অভিযোগ করে বলেন, নাটক চলাকালে সন্ধ্যা সাড়ে ৬টার দিকে ছাত্রলীগের নেতাকর্মীরা শহীদ মিনার চত্বরে আসেন। মুক্তমঞ্চের পাশেই তারা ফানুস ওড়ানোর পাশাপাশি হঠাৎ আতশবাজি ও পটকা ফোটানো শুরু করেন। ফলে শিক্ষার্থীরা ভয়ে এদিক-ওদিক ছোটাছুটি শুরু করলে তারা অনুষ্ঠান বন্ধ করে দিতে বাধ্য হন।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ সূত্রে জানা গেছে, স্বাধীনতা দিবস উপলক্ষে সংগঠনের পক্ষ থেকে দিনব্যাপী নানা কর্মসূচি নেওয়া হয়। এর অংশ হিসেবে সন্ধ্যায় কেন্দ্রীয় শহীদ মিনারে ফানুস ওড়ানোর কর্মসূচি ছিল।

সাংস্কৃতিক জোটের সাবেক সভাপতি কণিকা গোপ বলেন, 'ছাত্রলীগ মুক্তমঞ্চের পাশেই আতশবাজির প্রস্তুতি নিতে শুরু করলে তাদের সমন্বয় করে কাজ করার আহ্বান জানানো হয়। কিন্তু তারা আতশবাজি ও পটকা ফোটানো শুরু করে। সাংস্কৃতিক জোটের সাধারণ সম্পাদক আবু বক্কর সিদ্দিক শিমুল অভিযোগ করে বলেন, 'পটকা ও আতশবাজির বিকট শব্দে নাটক বন্ধ করে দিতে হয়।' এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি রাশেদুল ইসলাম বলেন, 'আমাদের কর্মসুচির জন্য আগে থেকেই বিশ্ববিদ্যালয় এবং পুলিশ প্রশাসনের কাছে থেকে অনুমতি নেওয়া ছিল। মাত্র ১৫ মিনিটের জন্য কর্মসূচি পালন করা হয়েছে।'

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক তারিকুল হাসানের মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি ফোন ধরেননি।